দামুড়হুদায় ভুয়া বাংলা টিএসপি সার জব্দ ও ধ্বংস

চুয়াডাঙ্গার দামুড়হুদায় প্রতারণামূলকভাবে তৈরি ভুয়া বাংলা টিএসপি সার জব্দ করেছে উপজেলা কৃষি অফিস। গতকাল বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে উপজেলা চত্বরে জব্দকৃত ভুয়া সার ধ্বংস করা হয়। এসব সার রাসায়নিক পরীক্ষায় কোনো সারের অস্তিত্ব না থাকায় উপজেলা চত্বরে প্রকাশ্যে ধ্বংস করা হয়েছে।

উপজেলা কৃষি অফিস সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে গত ৪ সেপ্টেম্বর দামুড়হুদা মাদ্রাসার সামনে সড়কের উপর থেকে ভ্যানযোগে আনা ১০ বস্তা বাংলা টিএসপি সার আটক করেন উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার। পরবর্তীতে রাসায়নিক পরীক্ষায় প্রমাণিত হয়, এগুলো শক্ত মাটি ও পাথরের গুঁড়া দিয়ে তৈরি, যা প্রকৃত সারের সঙ্গে কোনোভাবেই সম্পর্কিত নয়। প্রতারক চক্র এসব মাটির দলা টিএসপি সারের বস্তায় ভরে কৃষকদের কাছে বিক্রি করছে। এতে সাধারণ কৃষকরা আর্থিকভাবে ব্যাপক ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

কৃষি অফিসের একটি সূত্র জানায়, ঢাকা সাভারের হেমায়েতপুর থেকে সুন্দরবন কুরিয়ারের মাধ্যমে এসব ভুয়া সার চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে দেওয়া হচ্ছে। এ প্রসঙ্গে উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার বলেন, “কৃষকদের ঠকাতে এই প্রতারণামূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত থাকবে। কৃষকরা যেন কোনোভাবে ক্ষতিগ্রস্ত হতে না হয়, সেজন্য আমরা কঠোর পদক্ষেপ নিচ্ছি। কৃষকদের আমরা অনুরোধ করছি, সার কেনার আগে অবশ্যই সরকারি অনুমোদিত ডিলারের কাছ থেকে যাচাই করে কিনবেন।”

জব্দকৃত সার ধ্বংস করার সময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) তিথি মিত্র, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশসহ উপজেলার তিনজন সার ডিলার ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।